

Official Spokesperson's response to media queries on China's Land Boundary Law

October 27, 2021

চিনের স্থলসীমানা আইনের প্রসঙ্গে সংবাদ মাধ্যমের প্রশ্নের উত্তরে সরকারি মুখপাত্রের প্রতিক্রিয়া

অক্টোবর 27, 2021

চিনের স্থলসীমানা আইনের প্রসঙ্গে সংবাদ মাধ্যমের প্রশ্নের উত্তরে সরকারি মুখপাত্র শ্রী অরিন্দম বাগচী বলেন:

"আমরা লক্ষ্য করেছি যে 23 শে অক্টোবর 2021-এ চিন একটি নতুন "স্থল সীমানা আইন" পাশ করেছে। আইনটি, অন্যান্য বিষয়গুলির মধ্যে বলেছে যে চীন স্থল সীমানা সংক্রান্ত বিষয়ে বিদেশী দেশগুলির সাথে সম্পাদিত বা যৌথভাবে অনুমোদিত চুক্তিগুলি মেনে চলে। এতে সীমান্ত এলাকায় জেলা পুনর্গঠনেরও বিধান রয়েছে।

উল্লেখ করা যেতে পারে যে ভারত এবং চিনের মধ্যে সীমানা নিয়ে প্রশ্নের মীমাংসা এখনও হয়নি। উভয় পক্ষ সমান তালে আলোচনার মাধ্যমে সীমানা সংক্রান্ত প্রশ্নের একটি ন্যায্য, যুক্তিযুক্ত ও পারস্পরিক ভাবে গৃহীত সমাধান খুঁজতে সহমত হতে চেয়েছে। আমরা অন্তর্বর্তীকালে ভারত-চিন সীমান্তে প্রকৃত নিয়ন্ত্রণ রেখা বরাবর শান্তি ও সুস্থিতি বজায় রাখার জন্য বিভিন্ন দ্বিপাক্ষিক চুক্তি, প্রটোকল এবং বন্দোবস্তও সমাপ্ত করেছি।

এই প্রসঙ্গে একটি আইন আনার জন্য চিনের একতরফা সিদ্ধান্ত যেটি সীমান্ত ব্যবস্থাপনার পাশাপাশি সীমানা প্রশ্নে আমাদের বিদ্যমান দ্বিপাক্ষিক ব্যবস্থার উপর প্রভাব ফেলতে পারে তা আমাদের উদ্বেগের বিষয়। এই ধরনের একতরফা পদক্ষেপ, উভয় পক্ষ ইতিমধ্যেই যে ব্যবস্থায় পৌঁছেছে তা সীমান্ত প্রশ্নে হোক বা ভারত-চীন সীমান্ত এলাকায় প্রকৃত সীমান্ত রেখা বরাবর শান্তি ও সুস্থিতি বজায় রাখার জন্য হোক না কেন তাতে কোনও প্রভাব ফেলবে না। আমরা আশা রাখি যে, এই আইনের অজুহাতে চিন, ভারত-চীন সীমান্ত এলাকার পরিস্থিতিকে একতরফা ভাবে পরিবর্তন করতে পারে; এমন কোন পদক্ষেপ নেওয়া থেকে এড়িয়ে চলবে।

উপরন্তু, এই নতুন আইনটি পাস করা আমাদের দৃষ্টিতে 1963 সালের তথাকথিত চীন পাকিস্তান "সীমানা চুক্তি" কে কোনো বৈধতা দেয় না, যা একটি বেআইনি এবং অবৈধ চুক্তি হিসেবে ভারত সরকার বরাবর মেনে এসেছে।"

নিউ দিল্লি

অক্টোবর 27, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.